ইন্সটিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ-জেইউ)
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা-১৩৪২।

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ বিবিএ প্রোগ্রামে ভর্তির বিজ্ঞপ্তি

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে আইবিএ-জেইউ এর বিবিএ প্রোগ্রামে ভর্তির জন্য নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীদের নিকট হতে আবেদন আহ্বান করা হচ্ছে। আবেদনকারীকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভর্তি সম্পর্কিত ওয়েববসাইট **juniv-admission.org** এ প্রকাশিত ভর্তির বিস্তারিত নিয়মাবলি এবং পেমেন্ট সংক্রান্ত ধাপসমূহ অনুসরণ করে অনলাইনে আবেদন করতে হবে।

আবেদনের সময়সীমা :

০৯-০৫-২০২৩ তারিখ সকাল ১০.০০ থেকে ৩১-০৫-২০২৩ তারিখ রাত ১১.৫৯ টা পর্যন্ত।

SCAN ME

আবেদন ফি :

বিকাশ অথবা রকেট-এর মাধ্যমে আবেদনের জন্য ৬০০/- (ছয়শত) টাকা আবেদন ফি প্রদান করতে হবে।

ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ :

১৬-৬-২০২৩ থেকে ২৪-৬-২০২৩ তারিখের মধ্যে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। চূড়ান্ত তারিখ ও সময়সূচি পরবর্তীসময়ে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। এছাড়াও পরীক্ষার পূর্বে বিস্তারিত তথ্য ও সিটপ্ল্যান **juniv-admission.org** ওয়েবসাইটে পাওয়া যাবে।

১. ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতাঃ

ক. ২০১৯ সাল ও তার পরবর্তী বছরসমূহের মাধ্যমিক/সমমানের পরীক্ষা এবং ২০২১ ও ২০২২ সালের উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ. মাধ্যমিক /সমমান ও উচ্চমাধ্যমিক / সমমান পরীক্ষার ৪র্থ বিষয়সহ মোট জিপিএ গণনা করা হবে।

গ. জি.সি.ই. ২০১৭ সাল থেকে তৎপরবর্তী সাল পর্যন্ত O লেভেল পরীক্ষায় অন্তত ৫ (পাঁচ)টি বিষয়ে এবং ২০২১ অথবা ২০২২ সালের A লেভেল পরীক্ষায় অন্তত ২ (দুই)টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। আবেদনকারীর O লেভেল এবং A লেভেলের মোট ৭ (সাত)টি বিষয়ের মধ্যে ৪ (চার)টি বিষয়ে কমপক্ষে B গ্রেড ও ৩ (তিন)টি বিষয়ে কমপক্ষে C গ্রেড থাকতে হবে।

ঘ. উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ শিক্ষার্থীর বিভিন্ন বিষয়ে নিম্নবর্ণিত যোগ্যতা থাকতে হবে:

মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-দ্বয়ের ন্যূনতম যোগফল	উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয়সমূহে প্রাপ্ত ন্যূনতম গ্রেড
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিজ্ঞান শাখা: মোট জিপিএ ৯.০০। তবে উভয় পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৪.৫০ পেতে হবে।	ইংরেজি এবং উচ্চতর গণিত/পরিসংখ্যানে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক মানবিক/ব্যবসায় শিক্ষা/ সমমান শাখা: মোট জিপিএ ৮.৫০। তবে উভয় পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৪.০০ পেতে হবে।	ইংরেজি এবং হিসাববিজ্ঞান/ অর্থনীতি/ গণিত/ পরিসংখ্যান/ ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা/ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা বিষয়ে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড

২. ভর্তি পরীক্ষার নম্বর বন্টন :

বাংলা ০৫, ইংরেজি ৩০, Mathematical aptitude and IQ ৩০, সাম্প্রতিক ও বিশ্লেষণমূলক বিষয় ১৫ নম্বর

৩. ভর্তির জন্য আবেদন করার নিয়মাবলি :

ক. আবেদনকারী জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা সংক্রান্ত ওয়েবসাইটে **juniv-admission.org** প্রয়োজনীয় তথ্য প্রদান করে ন্যূনতম যোগ্যতা যাচাইপূর্বক নিজ মোবাইল নম্বর (আবেদনকারীর নিজের অথবা অভিভাবকের) নিশ্চিত করবেন এবং প্রেরিত পাসওয়ার্ড পরবর্তীতে আবেদন/ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন। একই মোবাইল নম্বর ব্যবহার করে একজন আবেদনকারী একাধিক ইউনিটে আবেদন করতে পারবেন। তবে উক্ত মোবাইল নম্বর ব্যবহার করে একই ইউনিটে একাধিক আবেদন করা যাবে না।

খ. আবেদনকারীকে নিজ প্রোফাইল এ গিয়ে "**ছবি আপলোড করুন**" ও "**স্বাক্ষর আপলোড করুন**" অপশনে ক্লিক করে সদ্য তোলা পাসপোর্ট সাইজ রঙিন ছবি (৩০০×৩০০ পিক্সেল; সর্বোচ্চ ১০০ কিলোবাইট) ও স্বাক্ষর (৩০০×৮০ পিক্সেল; সর্বোচ্চ ৬০ কিলোবাইট) স্ক্যান করে .jpg অথবা .jpeg ফরম্যাটে আপলোড করতে হবে।

গ. আবেদনযোগ্য ইউনিটগুলোর তালিকা থেকে আবেদনকারীকে নির্ধারিত আবেদন ফি প্রদানপূর্বক আবেদন সম্পন্ন করতে হবে। পেমেন্ট সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলি ও ধাপসমূহ ওয়েবসাইটে **juniv-admission.org** পাওয়া যাবে।

ঘ. O লেভেল এবং A লেভেল উত্তীর্ণ শিক্ষার্থীদের প্রয়োজনীয় তথ্য এবং ট্রান্সক্রিপ্ট এর স্ক্যান কপি আপলোড করে আবেদন করতে হবে।

৪. প্রবেশপত্র ডাউনলোড :

৯-৬-২০২৩ তারিখ হতে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। আবেদনকারী তার প্রোফাইলে প্রত্যেক ইউনিটের জন্য পৃথকভাবে **"প্রবেশপত্র ডাউনলোড"** এর অপশন দেখতে পাবেন। ইউনিট ভিত্তিক **"প্রবেশপত্র ডাউনলোড"** বাটনে ক্লিক করে প্রবেশপত্র ডাউনলোড করতে হবে এবং প্রিন্ট করে নিজের সংগ্রহে রাখতে হবে। একাধিক ইউনিটে আবেদন করে থাকলে উপরোক্ত নিয়মে প্রতিটি ইউনিটের জন্য আলাদাভাবে **প্রবেশপত্র** সংগ্রহ করতে হবে।

৫. **সিটপ্ল্যান ও ফলাফলঃ**

পরীক্ষার তারিখ, সময়, ভবনের নাম, কক্ষ নম্বর ইত্যাদি তথ্যসহ সিটপ্ল্যান এবং ভর্তি পরীক্ষার ফল আবেদনকারীর মোবাইল নম্বরে SMS-এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। এছাড়া এসব তথ্য **juniv-admission.org** থেকেও জানা যাবে।

বিশেষ দ্রষ্টব্য :

উল্লেখ্য যে, বিশ্ববিদ্যালয়ে আবেদনকারীর সাথে যোগাযোগের জন্য তার ভেরিফাইড মোবাইলে কেবল "**JUniv Admsn**" হতেই সকল প্রকার ভর্তি পরীক্ষা সংক্রান্ত SMS প্রদান করা হবে; সেইসাথে "**juniv_admission@juinv.edu**" ইমেইল এড্রেস থেকে ভর্তি সংশ্লিষ্ট ই-মেইল নোটিফিকেশন পাঠানো হবে।

৬. **ভর্তির জন্য নির্বাচন পদ্ধতি :**

ক. লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সঙ্গে নিম্নের (খ)-এ বর্ণিত প্রাপ্ত নম্বর যোগ করে মোট সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে সংশ্লিষ্ট ইউনিট/বিভাগের আসন সংখ্যার সর্বাধিক ১০ (দশ) গুণ শিক্ষার্থীর পৃথক তালিকা মেধা অনুযায়ী প্রণয়ন করা হবে।

খ. গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ শিক্ষার্থীর মাধ্যমিক/সমমানের পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-কে ১.৫ দ্বারা এবং উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-কে ২.৫ দ্বারা গুণ করে ফল তৈরি করা হবে।

গ. মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার সঙ্গে সামঞ্জস্য রক্ষার্থে **O লেভেল** এবং **A লেভেল** শিক্ষার্থীদের ক্ষেত্রে A গ্রেডের জন্য ৫, B গ্রেডের জন্য ৪, C গ্রেডের জন্য ৩.৫ এবং D গ্রেডের জন্য ৩ পয়েন্ট গণ্য করা হবে। উল্লিখিত গ্রেডিং/পয়েন্ট ব্যতিত অন্য কোনো গ্রেড/পয়েন্ট থাকলে সেক্ষেত্রে সিএসই'র গ্রেডিং সমতা নির্ধারণী কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

ঘ. ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সাক্ষাৎকারের সময়সূচি পরবর্তীসময়ে ওয়েবসাইট **juniv-admission.org** এবং পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

৭. পরীক্ষার হলে প্রবেশপত্র, মাধ্যমিক পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড এবং সাধারণ বলপেন ছাড়া কোনো প্রকার ক্যালকুলেটর, মোবাইল ফোন, ঘড়ি ও অন্য কোনো সহায়ক ডিভাইস নিয়ে প্রবেশ করা যাবে না। এসব ডিভাইস পাওয়া গেলে অথবা কোন শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে এবং যে কোন পর্যায়ে তা ধরা পড়লে ভর্তি পরীক্ষা বাতিলসহ বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়ম অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এখানে উল্লেখ্য যে, সময় দেখার জন্য পরীক্ষার হলে ঘড়ির ব্যবস্থা থাকবে।

৮. বিভিন্ন কোটায় ভর্তির আবেদন ভর্তি পরীক্ষার পর উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্য থেকে গ্রহণ করা হবে। এ ব্যাপারে পরবর্তীসময়ে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করা হবে।

৯. ভর্তি পরীক্ষা সংক্রান্ত যেকোনো বিষয় পরিবর্তনের অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১০. **সহায়তায়:**

ক. আবেদন ও পেমেন্ট, ছবি ও স্বাক্ষর আপলোড এবং প্রবেশপত্র ও সিটপ্ল্যান সংক্রান্ত (**সকাল ১০:০০ টা থেকে সন্ধ্যা ০৭:০০ টা পর্যন্ত**)	:	01324179774, 01324179775, 01324179776, 01324179777
খ. সাধারণ জিজ্ঞাসা ও অন্যান্য (**২৪ ঘণ্টা খোলা থাকবে**)	:	01324179774, 01324179775
গ. ই-মেইল	:	juniv.admsn.help@juniv.edu

স্বাক্ষরিত/-(মো. আবু হাসান)
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)
এবং
সচিব, কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটি